রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ১১, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১১ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ৩৩২-আইন/২০২৫।**—সরকার গোপালগঞ্জ জেলা সদরে একটি রাজনৈতিক দলের জনসভাকে কেন্দ্র করে সংঘটিত সহিংসতা, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, জেলা কারাগারসহ বিভিন্ন সরকারি স্থাপনায় হামলা, প্রাণহানি ও জানমালের ক্ষয়-ক্ষতি এবং নাগরিক নিরাপত্তা ব্যাহত হওয়ার বিষয়সহ আনুষঙ্গিক অন্যান্য ঘটনা উদ্‌ঘাটন করার লক্ষ্যে গঠিত তদন্ত কমিশনের সভাপতি ও সদস্যগণের মর্যাদা এবং বেতন-ভাতাদি/সম্মানি নিম্নরূপ নির্ধারণ করিল:—

অন্য যে-কোনো পেশা, ব্যবসায় কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান/ সংগঠন এর সহিত কর্ম-সম্পর্ক (যথা ডেপুটেশন, লিয়েন, ছুটি ইত্যাদি) থাকিলে তাহা সাময়িকভাবে স্থগিতের শর্তে তদন্ত কমিশনের সভাপতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের একজন বিচারকের ও ক্রমিক ৬-এ উল্লিখিত সদস্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন বিচারকের মর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন এবং কমিশনের অন্যান্য সদস্যগণ প্রত্যেক সভায় অংশগ্রহণের জন্য ৫ (পাঁচ) হাজার টাকা সম্মানি প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, কমিশনের সভাপতি বা কোনো সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন।


মূল্য : টাকা ৪.০০

২। প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিচারক (বেতন এবং সুবিধাদি) আইন, ২০২১ অনুসরণ করিতে হইবে এবং এসংক্রান্ত ব্যয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ-এর বাজেট হইতে নির্বাহ করা হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd